# 2 0 1 5

## BENGALI

## ( Major )

Paper : 1.1

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) কালকেতু দেবী চণ্ডীর কাছ থেকে কত ঘড়া ধন পেয়েছিলেন?

(খ) কালকেতুর বিবাহে কন্যাদান কে করেছিলেন?

(গ) ‘‘পাত্র অধিকারী না শুনে গোহারি
বিপাকে তেজি জীবন।”

‘গোহারি’ শব্দটির অর্থ লেখো।

(ঘ) এক শ্বাসে কালকেতু কত হাঁড়ি আমানি খেয়েছিলেন?

(ঙ) ‘‘উইচারা খাই আমি নামেতে ভালুক।
নেউগী চৌধুরী নই না করি তালুক ॥’’

‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের কোন্ অংশে এই বর্ণনা আছে?

(১) কালকেতুর প্রথম যুদ্ধযাত্রা

(২) চণ্ডীর প্রশ্ন ও পশুগণের উত্তর

(৩) পশুগণের ক্রন্দন

(৪) চণ্ডীর নিকটে পশুগণের দুঃখ নিবেদন

( শুদ্ধ উত্তর বেছে লেখো )

(চ) ‘‘মাতঙ্গ পড়িলে দরে পতঙ্গ প্রহার করে।’’

‘দরে’ শব্দের অর্থ কী?

(ছ) শিববিবাহের সম্বন্ধ কে করেছিলেন?

(জ) “তৈল বিনা চুলে জটা খড়ি উড়ে গায়”

এখানে কার কথা বলা হয়েছে?

(ঝ) শূন্যস্থান পূর্ণ করো :

‘‘এইরূপে _____ যান যার বাড়ী।
ভিক্ষা নাহি পান আর লাভ তাড়াতাড়ি॥’’

(ঞ) ‘‘এখানে বসিবে যারা অন্নজীবী হবে তারা
অন্ন বিনা না রবে জীবন।’’

কোন্ স্থানের কথা বলা হয়েছে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) ‘‘সম্পদের সীমা নাই বুড়া গরু পুঁজি।
রসনা কেবল কথা সিন্দুকের কুঁজি॥’’

কে, কার সম্বন্ধে একথা বলেছেন?





(খ) ‘‘তোমার শাশুড়ী বলি যম নাহি লয়।
আমারে কাহারে দিবা কহ দয়াময়॥’’

‘দয়াময়’ কে? শাশুড়ীর নাম কি?

(গ) ‘‘ভুজঙ্গপ্রয়াতে কহে ভারতী দে।
সতী দে সতী দে সতী দে সতী দে॥’’

এই বর্ণনাটি ‘অন্নদামঙ্গল’ কাব্যের কোন্ অংশে আছে? ‘ভুজঙ্গপ্রয়াত’ কী?

(ঘ) ভাঁড়ুদত্তের পিতামহ ও পিতার নাম লেখো।

(ঙ) ‘‘ইলাব্রত দেশে ঘর জাতি গো ব্রাহ্মণী।
শিশুকাল হৈতে আমি ভ্রমি একাকিনী॥’’

কে, কাকে এভাবে নিজের পরিচয় দিয়েছেন?

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ( যে-কোন দুটি ) : ৫×২=১০

(ক) কলিঙ্গরাজের সঙ্গে যুদ্ধের সময় আত্মগোপনকারী কালকেতুকে ভাঁড়ুদত্ত যেভাবে খুঁজে বার করেছিলেন, তোমার পাঠ্য অংশ অবলম্বনে তার বিবরণ দাও।

(খ) ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের অন্তর্গত ‘কালকেতুর ধনপ্রাপ্তি’ অংশের ঘটনাক্রম বিবৃত করো।

(গ) ব্যাখ্যা লেখো :

‘‘বিষম সম্বল-চিন্তা মহাবীরে লাগে।
এক চক্ষে নিদ্রা যায় এক চক্ষে জাগে॥’’

( কাননে কালকেতুর খেদ )

৪। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ( যে-কোন দুটি ) : ৫×২=১০

(ক) 'অন্নদামঙ্গল' কাব্যে 'শিবের ভিক্ষাযাত্রা'-র ছবিটি বর্ণনা করো।

(খ) অন্নদা বসুন্ধরকে শাপ দিয়েছিলেন কেন? পাঠ্য অংশ অবলম্বনে কাহিনিটি সংক্ষেপে লেখো।

(গ) ব্যাখ্যা লেখো :

''শিবের কপালে রয়ে প্রভুরে আহুতি লয়ে
না জানি বাড়িল কিবা গুণ।
একের কপালে রহে আরের কপাল দহে
আগুনের কপালে আগুন॥''
( রতিবিলাপ )

৫। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ( যে-কোন দুটি ) : ১০×২=২০

(ক) ''শরীর করিনু ক্ষয় তোমারে ভাবিয়া।
কি গুণ বাড়িল তব ব্যাসেরে ছলিয়া॥''

'অন্নদামঙ্গল' কাব্যের পাঠ্য অংশ অবলম্বনে ব্যাসদেবের এই করুণ বিলাপের কারণ বিশ্লেষণ করো।

(খ) 'দেবগণ নিমন্ত্রণ' অংশ অবলম্বনে 'অন্নদামঙ্গল' কাব্যে শিবের অন্নদাপূজায় দেবতাদের আগমনের বৃত্তান্ত বর্ণনা করো।

(গ) ''প্রকৃতপক্ষে অন্নপূর্ণা তাঁর মূল স্বভাবে হলেন প্রসন্ন কৌতুকময়ী দেবী।'' 'অন্নদামঙ্গল' কাব্যে দেবী অন্নপূর্ণার কৌতুকময়ী স্বরূপ স্পষ্ট করো।

(ঘ) 'অন্নদামঙ্গল' কাব্যে বিশ্বকর্মা কর্তৃক অন্নপূর্ণাপুরী নির্মাণের বর্ণনা দাও।





৬। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (যে-কোন দুটি ) : ১০×২=২০

(ক) ''কবি বনমধ্যে কালকেতুর দ্বারা বিপর্যস্ত নানা প্রাণীর যে ছবি এঁকেছেন, তা আসলে শক্তিমানের অত্যাচারে পীড়িত মানুষের বিবরণ।'' 'কবিকঙ্কণ চণ্ডী'-র নির্দিষ্ট বিবরণ অনুসরণ করে সমালোচকের মন্তব্যটি যথার্থ কি না তা দেখাও।

(খ) ''ব্যাধজীবনের অরণ্য-পরিবেশে সে জীবন্ত; কিন্তু রাজ্য পরিচালনার বুদ্ধি ও মেধাপ্রধান বৃত্তিতে সে ম্রিয়মান।'' পাঠ্য অংশ অবলম্বনে কালকেতু সম্পর্কে এই মন্তব্যের মূল্যায়ন করো।

(গ) 'কবিকঙ্কণ চণ্ডী' কাব্য অবলম্বনে ফুল্লরার বারমাসের দুঃখ বর্ণনা করো। এই বারমাস্যা রচনায় কবি মুকুন্দের অভিপ্রায় কী ছিল তা লেখো।

(ঘ) 'কবিকঙ্কণ চণ্ডী' কাব্যের উপসংহারে কালকেতু-পুষ্পকেতু-নীলাম্বর বৃত্তান্তটি সংক্ষেপে লেখো।

★★★

# 2 0 1 5

## BENGALI

## ( Major )

Paper : 1.2

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) নয়ন-কটাখে / বিষম বিশিখে / পরাণ বিন্ধিতে ধায়॥
'বিশিখ' শব্দের অর্থ কী ?

(খ) ''যাঁহা যাঁহা নিকসয়ে তনু তনু-জ্যোতি।'' পদটির রচয়িতা কে ?

(গ) ''কহিও কানুরে সই কহিও কানুরে।'' এটি কোন্ পর্যায়ের পদ ?

(ঘ) ''গগনে অবঘন / মেহ দারুণ / সঘনে দামিনী চমকই।''
'মেহ' শব্দের অর্থ কী ?

(ঙ) শূন্যস্থান পূর্ণ করো :

গোবিন্দ দাস কহ ইথে কি বিচার।
ছুটল ——— কিয়ে যতনে নিবার॥

(চ) পরমানন্দ পুরীর জন্ম কোথায় হয়েছিল?

(ছ) ''হুঙ্কার-করয়ে কৃষ্ণ আবেশের তেজে।'' এখানে কার কথা বলা হয়েছে?

(জ) শূন্যস্থান পূর্ণ করো :

পুনঃ পুনঃ সবারে করায় গঙ্গাস্নান।
কারে ছোঁয় কারো অঙ্গে —— প্রদান॥

(ঝ) শ্রীবাস পণ্ডিতের জন্ম কোথায় হয়েছিল?

(ঞ) গঙ্গাদাস পণ্ডিতকে কার সঙ্গে তুলনা করা হয়েছে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) গদ্যরূপ নির্দেশ করো :

পরভাতে; নেহারব।

(খ) 'ঝম্পি ঘন গর- / জন্তি সন্ততি / ভুবন ভরি বরিখন্তিয়া॥

এখানে কোন্ ঋতুর বর্ণনা করা হয়েছে? পদটির রচয়িতা কে?

(গ) যে-কোন চার প্রকার অভিসারের নাম লেখো।

(ঘ) চট্টগ্রামে জন্মগ্রহণ করেছেন, এমন দুজন বৈষ্ণবের নাম লেখো।

(ঙ) প্রভু বলে যদি মোর প্রাণরক্ষা চাহ।
তবে ঝাঁট দুই ব্রাহ্মণের ঘর যাহ॥

এই দুই ব্রাহ্মণের নাম কী ছিল?





৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২

(ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

কুল মরিযাদ- কপাট উদ্‌ঘাটলুঁ
তাহে কি কাঠকি বাধা।
নিজ মরিযাদ- সিন্ধু সঞে পঙারলুঁ
তাহে কি তটিনী অগাধা॥

(খ) জনম অবধি হাম রূপ নেহারলুঁ
নয়ন না তিরপিত ভেল।
সোই মধুর বোল শ্রবণহি শুনলুঁ
শ্রুতিপথে পরশ না গেল॥

উদ্ধৃতাংশের বক্তব্য-বিষয় বিশদ করো।

(গ) টীকা লেখো :

প্রেমবৈচিত্ত্য *অথবা* গৌরচন্দ্রিকা

(ঘ) টীকা লেখো :

ঈশ্বরপুরী *অথবা* নিত্যানন্দ

(ঙ) চৈতন্যের বাল্যলীলা অবলম্বনে তাঁর দুরন্তপনার পরিচয় দাও।

(চ) তাৎপর্য ব্যাখ্যা করো :

রমা-দৃষ্টিপাতে সর্বলোকে সুখে বসে।
ব্যর্থ কাল যায় মাত্র ব্যবহার-রসে॥

**ক—গুচ্ছ** এবং **খ—গুচ্ছ,** প্রতি গুচ্ছ থেকে **দুটি** করে মোট **চারটি** প্রশ্নের উত্তর লেখো : ১০×৪=৪০

**ক—গুচ্ছ**

৪। (ক) অভিসার পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? তোমার পঠিত অভিসার পর্যায়ের পদ অবলম্বনে তাঁর শ্রেষ্ঠত্ব প্রমাণ করো।

(খ) মাথুর পর্যায়ের পদ-রচনায় বিদ্যাপতির কৃতিত্ব তোমার পঠিত পদগুলো অবলম্বনে আলোচনা করো।

(গ) রূপানুরাগ পর্যায়ের পদগুলির কাব্যগত ও তত্ত্বগত তাৎপর্য ব্যাখ্যা করো। এই পর্যায়ের পদ-রচনায় বৈষ্ণব পদকর্তাদের কৃতিত্ব পাঠ্য পদগুলো অবলম্বনে আলোচনা করো।

(ঘ) 'বৈষ্ণব পদাবলী'র গীতিধর্মিতা সম্পর্কে তোমার পঠিত পদগুলো অবলম্বনে একটি আলোচনা প্রস্তুত করো।

**খ—গুচ্ছ**

৫। (ক) "বৃন্দাবনদাসের কবিদৃষ্টি তাঁর রচনাকে সুঠাম মানব-রসের সিঞ্চনে হৃদ্য করে তুলেছে।" 'চৈতন্য-ভাগবত'-এর পঠিত অংশ অবলম্বনে মন্তব্যটির যথার্থতা বিচার করো।

(খ) " 'চৈতন্য-ভাগবত' কেবল চৈতন্যের তথ্যনিষ্ঠ জীবনকথা নয়, একই সঙ্গে পঞ্চদশ-ষোড়শ শতকের বাংলাদেশের সামাজিক ইতিহাসের এক বিশ্বস্ত দলিল।" তোমার পঠিত অংশের সাহায্যে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।





(গ) "শ্রীচৈতন্যের ভাগবতী তনুর অন্তরালবর্তী মানবিক সত্তাটিকে বৃন্দাবনদাস বিশেষ কৃতিত্বের সঙ্গে পরিস্ফুট করেছেন।" মন্তব্যটির সারবত্তা প্রতিপন্ন করো।

(ঘ) 'চৈতন্য-ভাগবত'-এ চৈতন্যের বাল্যজীবনের বর্ণনায় অলৌকিকতার প্রক্ষেপ এই কাব্যকে সার্থক জীবনী-কাব্য হয়ে ওঠার পথে প্রতিবন্ধকতার সৃষ্টি করেছে কীনা, আলোচনা করো।

★ ★ ★